

তিতুমীর কলেজ ক্যাম্পাসে পরিচয়পত্র ছাড়া প্রবেশ নিষিদ্ধ

মোহাম্মদ মাসুম বিল্লাহ রাব্বী, তিতুমীর কলেজ।

প্রকাশিত: ১৬:৫৯, ২৭ মে ২০২৫; আপডেট: ১৭:০০, ২৭ মে ২০২৫



রাজধানীর সরকারি তিতুমীর কলেজ ক্যাম্পাসে অবস্থানরত সকল শিক্ষার্থীর জন্য পরিচয়পত্র ঝুলিয়ে রাখা বাধ্যতামূলক করা হয়েছে। মঙ্গলবার (২৭ মে) অধ্যক্ষ অধ্যাপক ড. ছদরুদ্দীন আহমদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা জারি করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কলেজ চলাকালীন সময়ে ক্যাম্পাসে অবস্থানকালে, শিক্ষার্থীদের সার্বক্ষণিকভাবে পরিচয়পত্র দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখতে হবে। পরিচয়পত্র ব্যতীত কলেজে অবস্থান সম্পূর্ণ নিষিদ্ধ। কেউ এই নির্দেশনা লঙ্ঘন করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

জানা যায়, গতকাল তিতুমীর কলেজে শিক্ষার্থী, বৈষম্যবিরোধী নেতা ও সাংবাদিকদের উপর ছাত্রদলের হামলার ঘটনায়, ক্যাম্পাসের সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে জরুরি ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে মেধার ভিত্তিতে কলেজের হোস্টেলে সিট বরাদ্দের দাবিতে আন্দোলন করছিলেন কয়েকজন শিক্ষার্থী। একপর্যায়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রদলের নেতাকর্মীদের বাকবিতণ্ডা হয়, যা দ্রুতই সহিংসতায় রূপ নেয়। এরপর সাংবাদিকরা ঘটনাস্থলের ছবি তুলতে গেলে তাদের ওপরও চড়াও হয় ছাত্রদলের নেতাকর্মীরা।

হামলায় জড়িত ছাত্রদল নেতাদের মধ্যে আছে, যুগ্ম আহ্বায়ক আরিফ মোল্লা, রিমু, খাজা মাইনুদ্দিন, হারুনুর রশীদ, সোহাগ, মেহেদী চৌধুরী, তোফায়েল আহমেদ, সদস্য রাশেদুজ্জামান হৃদয়, আল আমিন, বাইজিদ হাসান সাকিব, নুর উদ্দিন জিসান, এবং আক্কাসুর রহমান আঁথি হলের সভাপতি তোহা আকন্দ।



এ বিষয়ে গতকাল কলেজের অধ্যক্ষ ড. ছদরুদ্দীন আহমেদ বলেন, ‘ঘটনার তদন্তে একটি কমিটি গঠন করা হচ্ছে। দোষীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।’